

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.ssd.gov.bd

সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) পরিবীক্ষণ (এপ্রিল-জুন, ২০২৩) কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের ত্রৈমাসিক প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয়ে সুরক্ষা সেবা বিভাগের গঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) পরিবীক্ষণ কমিটির সভা ২৫ জুন ২০২৩ তারিখে জনাব ইশরাত চৌধুরী, অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ অনুবিভাগ) এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ০৬ জুন ২০২৩ তারিখে অনুষ্ঠিত এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ পর্যালোচনা করা হয় (সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির সভার কার্যবিবরণী সংযুক্ত):

১. সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটি কর্তৃক অনুষ্ঠিত ০৬ জুন ২০২৩ তারিখের সভার সিদ্ধান্তসমূহ (সুরক্ষা সেবা বিভাগ সংশ্লিষ্ট) নিম্নরূপ:

(ক) স্ব স্ব অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি হালানাকরণের ক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ওয়েবসাইটে বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতি এবং ২৩ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের মন্ত্রিপরিষদ বিভাগের পত্রের নির্দেশনা অনুসরণ করা;

(খ) সুরক্ষা সেবা বিভাগের এসিড সংক্রান্ত মোট ০৬টি সেবার “সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি” সংশ্লিষ্ট শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথে আলোচনাপূর্বক হালনাগাদ করা;

(গ) সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২৩ মোতাবেক স্ব স্ব অফিসের ৪র্থ কোয়ার্টারে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের কাজ সম্পন্নপূর্বক স্ব স্ব অফিসের ওয়েবসাইটে আপলোড করা।

সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির উল্লিখিত সিদ্ধান্তসমূহের আলোকে সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি কর্তৃক নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয় (পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী সংযুক্ত):

(ক) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সকল মন্ত্রণালয়/বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যক্রমের ২০২২-২০২৩ এর অর্ধবার্ষিক ফলাবর্তক সভায় মন্ত্রণালয়/বিভাগকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ওয়েবসাইটে বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতি অনুসরণ এবং মন্ত্রিপরিষদ বিভাগের সুশাসন অধিশাখা হতে সর্বশেষ ২৩ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে প্রাপ্ত পত্র মোতাবেক এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালানাকরণের হালনাগাদকরণ করা হয়েছে কিনা তা যাচাই করা;

(খ) সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের কার্যক্রম বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০২২-২০২৩ এ উল্লেখিত সময়ের মধ্যে সম্পন্ন করা হয়েছে কিনা তা যাচাই-বাছাই করা।

২. সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি:

সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) পরিবীক্ষণ কমিটি কর্তৃক ২৬ জুন ২০২৩ তারিখে যাচাই-বাছাইপূর্বক দেখা যায় -

(ক) মন্ত্রিপরিষদ বিভাগের সুশাসন অধিশাখার ২৩ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের পত্রে উল্লেখিত মোট ১৩টি নির্দেশনা এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ওয়েবসাইটে বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতি অনুসরণপূর্বক এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ করা হয়েছে। এছাড়াও সুরক্ষা সেবা বিভাগের এসিড সংক্রান্ত মোট ০৬টি নাগরিক সেবার “সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি” সংশ্লিষ্ট শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথে আলোচনাপূর্বক হালনাগাদ করা হয়েছে;

K.

৮

(খ) চলতি অর্থবছরের চতুর্থ কোয়ার্টারে সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের কাজ ২১ জুন ২০২৩ তারিখে সম্পন্ন করা হয় এবং সচিব মহোদয়ের অনুমতিক্রমে এ বিভাগের ওয়েবসাইটে ২২ জুন ২০২৩ তারিখে প্রকাশ করা হয়েছে।

৩. এছাড়াও সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) পরিবীক্ষণ কমিটির ২৫ জুন ২০২২ তারিখের সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

এপ্রিল-জুন, ২০২৩ সময়ে (ক) আইনানুগ অভিভাবকের তত্ত্বাবধানে বাংলাদেশী শিশুদের বিদেশগমনের অনুমতি প্রদান (নাগরিক সেবা) (খ) কারাগারে শ্যুটিং/ভিডিও ধারণের অনুমতি প্রদান (প্রাতিষ্ঠানিক সেবা) এবং (গ) না-দাবী প্রদান (অভ্যন্তরীণ সেবা) কার্যক্রমে কতটি আবেদন গৃহীত হয়েছে, কতটি আবেদন সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লেখিত সময়ের মধ্যে নিষ্পন্ন করা হয়েছে তা যাচাই করা।

৪. সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি:

পরিবীক্ষণ কমিটি কর্তৃক সংশ্লিষ্ট শাখার প্রয়োজনীয় ডকুমেন্ট যাচাই-বাছাইপূর্বক দেখা যায় -

(ক) এপ্রিল-জুন, ২০২৩ 'আইনানুগ অভিভাবকের তত্ত্বাবধানে বাংলাদেশী শিশুদের বিদেশগমনের অনুমতি প্রদান' নাগরিক সেবায় মোট ০৮টি আবেদন গৃহীত হয় এবং সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লেখিত সময়ের মধ্যে ০৬টি আবেদন সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লেখিত সময়ের মধ্যে নিষ্পন্ন করা হয়েছে। ০১টি আবেদনের পুলিশ প্রতিবেদনসহ প্রশাসনিক অনুমোদনের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। অপর ০১টি আবেদনের পুলিশ প্রতিবেদন প্রাপ্তি প্রক্রিয়াধীন রয়েছে;

(খ) এপ্রিল-জুন, ২০২৩ সময়ে 'কারাগারে শ্যুটিং/ভিডিও ধারণের অনুমতি প্রদান' প্রাতিষ্ঠানিক সেবায় মোট ০৩টি আবেদন গৃহীত হয় এবং সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লেখিত সময়ের মধ্যে ০৩টি আবেদন নিষ্পন্ন করা হয়েছে;

(গ) এপ্রিল-জুন, ২০২৩ সময়ে 'না-দাবী প্রদান' অভ্যন্তরীণ সেবায় মোট ০২টি আবেদন গৃহীত হয় এবং সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লেখিত সময়ের মধ্যে ০২টি আবেদন নিষ্পন্ন করা হয়েছে।

৫. সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) পরিবীক্ষণ কমিটি কর্তৃক এপ্রিল-জুন, ২০২৩ মেয়াদে গৃহীত ০৫টি সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়েছে এবং সিদ্ধান্ত বাস্তবায়নের শতকরা হার ১০০%।

২৬.০৬.২৩

নিপু হালদার
সহকারী প্রোগ্রামার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

২৬/০৬/২৩
সেখ ফরিদ আহমেদ
উপসচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

২. ২৬/০৬/২৩
ইসরাফ গৌস্বামী
অতিরিক্ত সচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়